দৈনিক ইত্তেফাক
তারিখ 16 SEP 2017 পৃ. ৩ কলাম ৫

# ঢাবিতে ভর্তি পরীক্ষা শুরু

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের পরীক্ষার মধ্য দিয়ে গতকাল শুক্রবার শুরু হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা। গতকাল সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরে ৫৩টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। মোবাইল ফোনসহ টেলিযোগাযোগ করা যায় এমন যে কোনো ইলেকট্রনিক যন্ত্র নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ ছিল নিষিদ্ধ। এই বিষয়টি নিশ্চিত করতে ভর্তিচ্ছুদের পরীক্ষা হলে প্রবেশের আগে মেটাল ডিটেক্টর দিয়ে চেক করা হয়। একই সঙ্গে পরীক্ষা চলাকালে ভ্রাম্যমাণ আদালতও দায়িত্ব পালন করেন। গতকাল অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় মোট ৫৩টি কেন্দ্রে ১ হাজার ২৫০টি আসনের বিপরীতে ২৯ হাজার ৯৫৪ জন ভর্তিচ্ছু অংশ নেন। এবার প্রতি আসনের বিপরীতে ভর্তির লড়াইয়ে অংশ নিয়েছেন ২৪ জন। এ বছর ভর্তি পরীক্ষা নিয়ে কোনো ধরনের জালিয়াতির ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## ঢাবিতে ভর্তি

[তৃতীয় পৃষ্ঠার পর]

অভিযোগ পাওয়া যায়নি। এদিকে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের অধীনে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে অপশন কমানো হলেও মাইনাস মার্ক অপরিবর্তিত রাখায় বিতর্ক উঠেছে। গত বছর 'গ' ইউনিটের প্রতি প্রশ্নের বিপরীতে পাঁচটি অপশন ছিল। এবার তা কমিয়ে অন্য ইউনিটগুলোর মতো চারটি করা হয়েছে। কিন্তু অপরিবর্তিত রাখা হয়েছে মাইনাস মার্ক।

খোঁজ নিয়ে জানা যায়, অন্য অনুষদগুলোর ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে চারটি অপশন থাকে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৩ নম্বর কাটা যায়। 'গ' ইউনিটের প্রশ্নপত্রে এতদিন পাঁচটি অপশন থাকার কারণে প্রতিটি ভুল উত্তরের জন্য কাটা হতো ০.২৪ নম্বর। তবে এবার অপশন কমানো হলেও বাড়ানো হয়নি ভুল উত্তরের জন্য কাটা নম্বর।

এ বিষয়ে 'গ' ইউনিট ভর্তি কমিটির আহ্বায়ক ও ব্যবসায়ে শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম বলেন, অপশন কমানো কিংবা মাইনাস মার্কিং করা তো পরীক্ষার আগেই হয়েছে। এখানে আগের নিয়ম কিংবা অন্য ইউনিটের সঙ্গে তুলনা করার তো প্রয়োজন নেই।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক মো. আখতারুজ্জামান বলেন, আমি এমন বিষয় জানি না। তবে প্রশ্নের অপশনে যেহেতু সবার সঙ্গে একই সিস্টেম মানা হয়েছে, তাই এতে বিভ্রান্তির কোনো সুযোগ নেই।

আজ শনিবার সকাল ১০টা থেকে ১১টা চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের সাধারণ জ্ঞান অংশের পরীক্ষা হবে।